কোটচাঁদপুরে জুলিও কুরি” শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূতিতে ফ্রি মেডিকেল ক্যাম্প

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর “জুলিও কুরি” শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূতিতে ফ্রি মেডিকেল ক্যাম্প করেছেন কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কতৃপক্ষ। মঙ্গলবার উপজেলার ফুলবাড়ি কমিউনিটি ক্লীনিকে এ ক্যাম্প করা হয়।

ফ্রি মেডিকেল ক্যাম্পে রোগী দেখেন ও সেবা দেন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, গাইনি কনসালটেন্ট ডাঃ ফারহানা শবনম, এনেস্থিসিয়া কনসালটেন্ট রাইসুল ইসলাম (জুয়েল), ডাঃ রাফসান রহমান।

এ ছাড়া উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের টেকনোলজিষ্ট শাহিনুর রহমান ও ফুলবাড়ি কমিউনিটি ক্লীনিকের সিএইচসিপি জেসমিন আরা।

ওই গ্রামের সেবা গ্রহিতা, সুফিয়া বেগম ও আরজিনা খাতুন বলেন, বাড়ির পাশে কমিউনিটি সেন্টার থাকায় আমরা অনেক সুযোগ সুবিধা পেয়ে থাকি।

এখান থেকে সব ধরনের ঔষধই আমরা পেয়ে থাকি। এ ছাড়া এ ক্লীনিকে আসলে স্বাস্থ্য বিষয় সহ বিভিন্ন ধরনের পরামর্শ ও আমরা পেয়ে থাকি। তিনি বলেন, আজকের ফ্রি মেডিকেল ক্যাম্পের কথা কাল মাইকিংয়ের মাধ্যমে জানতে পেরেছি।

আজ আমরা চিকিৎসা নিতে এসেছি। বাড়ির পাশে এ ধরনের চিকিৎসা পেয়ে আমরা খুব খুশি। সামনের দিনে এ ধরনেন ক্যাম্পের দাবিও করেন তারা।

স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন, আজ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর “জুলিও কুরি” শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর। এ উপলক্ষে বিভিন্ন কর্মসুচী পালন করা হচ্ছে। যার ছিল ফ্রি মেডিকেল ক্যাম্প। আজ এখানে স্বাস্থ্য কমপ্লেক্সে বিশেষজ্ঞ ডাক্তাররা চিকিৎসা দিয়েছেন।

শহর রেখে গ্রামে ফ্রি মেডিকেল ক্যাম্প করার কারন কি? এমন

প্রশ্নে তিনি বলেন,স্বাস্থ্য সেবা দোর গোড়ায় পৌছে দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কমিউনিটি ক্লীনিক প্রতিষ্ঠা করেছেন। এ কারনে গ্রামের মানুষের স্বাস্থ্য সেবা প্রদান করা।

শ্যামপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ফ্রি মেডিকেল ক্যাম্প

মেহেরপুরের শ্যামপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ফ্রি চক্ষু, চর্ম ও দাঁত সেবা ২০২৩ এর আয়োজন করা হয়। বৃহস্পতিবার সকালে মেহেরপুরে শ্যামপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ক্যাম্পের আয়োজন করা হয়।

অবসরপ্রাপ্ত লেঃ কর্নেল প্রফেসর ড. মোঃ আব্দুল ওহাবের নেতৃত্বে রংধনু বন্ধু পরিষদ ফ্রি চক্ষু, চর্ম ও দাঁত সেবা ক্যাম্প পরিচালনা করেন।

ফ্রি সেবা কেন্দ্রে উপস্থিত ছিলেন প্রফেসর আব্দুল মজিদ, শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান, শ্যামপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুর রাজ্জাক।

শ্যামপুরের বাসিন্দা সাবান বলেন, আমি এখানে চোখের ডাক্তার দেখাতে এসেছিলাম আমি এই সেবাতে খুশি না হলেও খুশি। ঝাউবাড়ির শাহিদা বলেন, চোখ দেখানোর জন্য এসেছি ডাক্তার ঔষধ সহ চোখের ড্রপ দিয়েছে অন্তত একটা ড্রপ দেওয়ার দরকার ছিল কারণ টাকা নাই পয়সা নাই বলে এখানে এসেছি টাকা থাকলে এখানে আসতাম না। আলমপুরের রহিমা খাতুন বলেন, আমি চোখের জন্য এখানে এসেছিলাম ডাক্তার আমাকে চশমা দেয়নি ঔষধ দিয়েছে আমি এই ফ্রি সেবা পেয়ে খুব খুশি।

ফ্রি চক্ষু, চর্ম ও দাঁত সেবা ক্যাম্পের মিডিয়া পার্টনার মেহেরপুর প্রতিদিন।

[redacted]

[redacted]